



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ ও প্রকাশন দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

ফেব্রুয়ারি ০৭, ২০১০

সংবাদ বিজ্ঞপ্তি

অনলাইনে ঢাকা কলেজ ও সরকারি সোহরাওয়ার্দী কলেজের প্রথমবর্ষ্নাতক (সম্মান) শ্রেণীতে বিষয়ভিত্তিক নির্বাচিত ছাত্রছাত্রীদের তালিকা প্রকাশ

ই-মেইলের মাধ্যমে আবেদনকৃত ঢাকা কলেজ এবং সরকারি সোহরাওয়ার্দী কলেজে প্রথমবর্ষ্নাতক (সম্মান) শ্রেণীতে বিষয়ভিত্তিক নির্বাচিত ছাত্রছাত্রীদের তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd, www.nuadmission.com, www.nu-ba.info (মানবিক শাখার জন্য), www.nu-bsc.info (বিজ্ঞান শাখার জন্য), www.nu-bbs.info (ব্যবসায় শিক্ষা শাখার জন্য) প্রকাশিত হয়েছে।

নির্বাচিত ছাত্রছাত্রীদের জন্য করণীয় :

সরকারি সোহরাওয়ার্দী কলেজের ছাত্রছাত্রীদেরকে প্রাইম ব্যাংকের হিসাব নম্বর ১২২১১০৭০০০৪৯৩৩-এ নির্ধারিত ফি জমাদানের মাধ্যমে ভর্তি হতে হবে। ভর্তি ফি প্রাইম ব্যাংকের বংশাল, ওয়ারী, যাত্রাবাড়ি ও ধোলাই খাল এস.এম.ই সেন্টার শাখায় জমা দেয়া যাবে। ভর্তি ফি মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য ২,২৬৫/- টাকা, পদার্থ ও রসায়ন বিষয়ে ভর্তির জন্য ২,৬১৫/- টাকা এবং বিজ্ঞান শাখায় অন্যান্য বিষয়ে ২,৫৬৫/- টাকা।

ঢাকা কলেজের ছাত্রদের ভর্তির জন্য প্রাইম ব্যাংকের হিসাব নম্বর ১৪৬১১০৯০০১০৩৩৪ এ নির্ধারিত ফি জমাদানের মাধ্যমে ভর্তি হতে হবে। ভর্তি ফি প্রাইম ব্যাংকের ধানমন্ডি, এলিফ্যান্ট রোড, মিরপুর-১, মহাখালী ও এস.বি.সি টাওয়ার (দিলকুশা বাণিজ্যিক এলাকা) শাখায় জমা দেয়া যাবে। ভর্তি ফি মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য ২,৫০০/- টাকা, বিজ্ঞান শাখার জন্য ২,৮৫০/- টাকা।

উভয় কলেজের নির্বাচিত ছাত্রছাত্রীদের প্রাইম ব্যাংকের নির্ধারিত শাখায় রক্ষিত সাময়িক ভর্তি ফরম পূরণ পূর্বক তার সাথে প্রবেশপত্রের ফটোকপি ও ব্যাংক রশিদের কপি উক্ত শাখায় জমা দিতে হবে। প্রত্যেক ছাত্রছাত্রীকে ভর্তি ফি জমা দেয়া রশিদের ১টি অংশ ও মূল প্রবেশপত্র সংরক্ষণ করতে হবে। ভর্তি ফি জমাদানের শেষ তারিখ ১১/০২/২০১০ ব্যাংককালীন সময় পর্যন্ত।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন : ০১৭১১ ৫৬২১২৪